

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৪৫৭  
আমবাসা, ৩০ অক্টোবর, ২০২৩

### মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনা

#### গন্ডাতুইসা মহকুমায় মৎস্যচাষে সহায়তা

মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনায় চলতি অর্থবছরে গন্ডাতুইসা মহকুমায় ১ হাজার ৭১৫ জন মৎস্যচাষিকে মৎস্যচাষে সহায়তা দেওয়া হয়েছে। সুবিধাভোগী মৎস্যচাষীদের ৫০০টি করে বিভিন্ন জাতের মাছের পোনা বিনামূল্যে দেওয়া হয়েছে। তাছাড়াও সুবিধাভোগী মৎস্যচাষীদের বিজ্ঞানভিত্তিক মৎস্যচাষে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এই যোজনায় মহকুমায় ১৩৭.২ হেক্টর জলাশয় মৎস্যচাষের আওতায় এসেছে। এজন্য ব্যয় হয়েছে ১৬ লক্ষ ৯ হাজার টাকা। মৎস্য দপ্তরের ধলাই জেলা কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*